

ইকফাই বিশ্ববিদ্যালয়ের পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত হচ্ছে যোগব্যায়াম চর্চা



স্টাফ রিপোর্টার, ২০ জুন : যোগব্যায়াম একটি বিজ্ঞান- এই বাস্তব সত্যটি রাষ্ট্রসংঘের অর্ন্তভুক্ত ১৯৩টি দেশ মেনে নিয়েছে। তারই ফলশ্রুতিতে বিশ্বজুড়ে পালিত হল আন্তর্জাতিক যোগব্যায়াম দিবস। এরসাথে তাল মিলিয়েই ইকফাই বিশ্ববিদ্যালয়ের কামালঘাটস্থিত ক্যাম্পাসেও এক সুন্দর অনুষ্ঠানের আয়োজন করা হয়। সঙ্গে অঙ্গীকার আসন্ন শিক্ষাবর্ষ থেকেই পাঠ্যক্রমে অর্ন্তভুক্ত হবে আবশ্যিক যোগব্যায়াম চর্চা। অনুষ্ঠানের শুরুতেই গুরুত্বপূর্ণ এই ঘোষণা দেন বিশ্ববিদ্যালয়ের সহ উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার। তিনি বলেন, কয়েকশো বছর ধরে ভারতে যোগব্যায়াম চর্চা চলছে। সুস্বাস্থ্য রক্ষায় এর উপকারিতা অপরিসীম। বহিঃবিশ্বে এর বিজ্ঞানভিত্তিক চর্চা ক্রমশ বাড়তে থাকায় রাষ্ট্রসংঘ ২১ জুন দিনটিকে আন্তর্জাতিক যোগব্যায়াম দিবস হিসাবে পালনের সিদ্ধান্ত নিয়েছে। অধ্যাপক হালদার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-অশিক্ষক কর্মচারীর, পড়ুয়া সহ সকলকে প্রাত্যহিক নিয়মে যোগব্যায়াম চর্চা করার আহ্বান জানান। একই আহ্বান রাখেন রাজ্য যোগা সংস্থার সভাপতি রূপেন ভৌমিক ও সাধারণ সম্পাদক যীশু চক্রবর্তী। একাগ্রতা ও নিষ্ঠার সামনে বয়স যে কোন বাধাই নয়, তা



একনাগারে সাতটি যোগাসন উপস্থাপন করে অনুষ্ঠানে উপস্থিত সবাইকে তাক লাগিয়ে দেন সম্ভারোধ রূপেন ভৌমিক। তিনি অনুষ্ঠানে উপস্থিত সবাইকে দিনে অন্তত একটি যোগাসন করার অনুরোধ জানান এবং বলেন, নিয়মিত যোগব্যায়াম চর্চা করলে রোগ উপশমে ওষুধ খেতে হবে না। আজকের অনুষ্ঠানে মূল আকর্ষণ ছিল দুই যোগা খেলোয়াড় যথাক্রমে শেলী দেবনাথ ও সৌরভ ঘোষ। শত্ৰু চক্রবর্তীর আসার কথা থাকলেও বেজিং চলে যাওয়ায় তিনি আসতে পারেননি। যীশু চক্রবর্তীর তত্ত্বাবধানে দুই স্কুদে যোগা খেলোয়াড় দুরূহ কয়েকটি যোগাসন প্রদর্শন করে যা অনুষ্ঠানে উপস্থিত সকলের হাততালি ও প্রশংসা কুড়ায়। অনুষ্ঠানের একদম শুরুতে রাজ্য যোগা সংস্থার দুই পদাধিকারী সহ শেলী দেবনাথ ও সৌরভ ঘোষকে পুষ্পস্তবক এবং স্মারক উপহার দিয়ে সংবর্ধনা জানান বিশ্ববিদ্যালয়ের সহউপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার।